## সদস্য হওয়ার উপযুক্ততা

যে কোন বয়সের নাগরিক, যার রক্তের গ্রুপ নেগেটিভ তিনি এই সংগঠনের সদস্য হতে পারেন। উপযুক্ত সদস্য অবশ্যই অন্যের প্রয়োজনে রক্তদানে স্বেচ্ছায় এগিয়ে আসবেন এবং সংগঠনের বিভিন্ন কার্যক্রমে সাধ্য অনুযায়ী সক্রিয় অংশ গ্রহণ করবেন। ইচ্ছুক ব্যক্তি সিএনবি আরআর অফিস থেকে ফরম সংগ্রহ করে সদস্য হওয়ার জন্য আবেদন করতে পারেন। এক কপি ছবি সহ পূরণকৃত ফরমটি কেন্দ্রীয় অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।



বিনামূল্যে রক্তের গ্রুপ নির্নয় কর্মসূচীর উদ্বোধন করেন প্রাইম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর প্রফুল্ল সি. সরকার পিএইচ.ডি



(সরকারী বাঙলা কলেজে সি এন বি আর আর এর আয়োজিত বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচি)

## সি এন বি আর আর এর বর্তমান কার্যক্রমসমূহ

মানুষের প্রয়োজনে আপদকালীন সময়ে রক্ত সংগ্রহে সাহায্য করা ও সার্বিক চিকিৎসায় সহযোগিতা করা। সমাজে সকল শ্রেণীর মানুষকে রক্তের গ্রুপ জানতে ও রক্তদানে উৎসাহিত করা। বিভিন্ন সময়ে উৎসাহী মানুষের রক্তের গ্রুপ নির্ণয় করা। সমাজ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট, সাময়িকী প্রকাশ করা ও সেমিনারের আয়োজন করা। সংগঠনের সদস্য সংগ্রহ করা। একটি রক্ত পরিসঞ্চালন কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে তহবিল সংগ্রহ করা। সংগঠনটির শাখা বিস্তারের জন্য বিভিন্ন জেলা কমিটি গঠনের কাজ এগিয়ে নিয়ে যাওয়া। ইতিমধ্যে সংগঠনটির কয়েকটি জেলা কমিটি গঠিত হয়েছে। উৎসুক সমাজ কর্মীগণ জেলা কমিটি গঠনের লক্ষ্যে কেন্দ্রীয় কার্যালয়ে যোগাযোগ করতে পারেন।



(রক্তদানে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সি এন বি আর আর আয়োজিত মানববন্ধন)

### সৌজন্যে ঃ

# সেন্টার ফর নেগেটিভ ব্লাড গ্রুপ রেসপন্স এন্ড রিসার্স (সি.এন.বি.আর.আর)

# Center For Negative Blood-Group Response & Research (CNBRR)

CNBRR


(A Project of UERDS)

### কেন্দ্রীয় অফিস

১/১, মাহাবুব মোরশেদ স্বরণী, আগারগাঁও
২৫০ শয্যা বিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকা
মোবাইল: ০১৭৬১৮৯৮৩৮৫
E-mail- cnbrr2012@gmail.com
www.cnbrr.org

## ভূমিকা

বর্তমান সময়ে সংকটময় রক্ত সম্পর্কিত রোগের সম্প্রসারণ এবং মুমূর্ষু অবস্থায় প্রয়োজনীয় রক্তের যোগান দেয়ার মানবিক প্রেক্ষাপটে সি এন বি আর আর বাংলাদেশ-এর আত্মপ্রকাশ। আমাদের নিজস্ব সার্ভেতে দেখা যায় শতকরা ৯৫ ভাগ মানুষের রক্ত পজিটিভ গ্রুপের এবং বাকী ৫ শতাংশ নেগেটিভ গ্রুপের। 'এ', 'বি', 'এবি' এবং 'ও' গ্রুপের মধ্যে 'ও' সর্বাধিক এবং 'এবি' সর্বনিম্ন হারে বিদ্যমান। মোট জনসংখ্যার প্রায় ৮৭ ভাগই 'এ', 'বি' অথবা 'ও' গ্রুপের। দৈনন্দিন জীবনে বিভিন্ন দুর্ঘটনায় ও রোগের বা সার্জিক্যাল অপারেশনের পরিপ্রেক্ষিতে রক্তের প্রয়োজন হলে, বিশেষ করে নেগেটিভ রক্তের অপ্রতুলতার জন্যে আমাদের অনেক প্রিয়জনকে অকালে হারাতে হয়।




(সূত্রঃ সি.এন.বি.আর.আর এ'র নিজস্ব জরিপ)

নেগেটিভ গ্রুপের রক্ত সুপ্রাপ্যতার জন্য বাংলাদেশে সি এন বি আর আর ভিন্ন অন্য কোন প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। তাই, যে কোন মানুষের সংকটময় মুহূর্তে বিনামূল্যে রক্ত দান করা ও রক্তদানে সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ তাদের সুচিকিৎসার বন্দোবস্ত করার পাশাপাশি মানব কল্যাণে অবদান রাখা সি এন বি আর আর এর প্রধান লক্ষ্য।

## সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

- কোনো মানুষের সংকটময় মুহূর্তে এবং প্রয়োজনে রক্ত সংগ্রহে সহায়তা করা।
- রক্তদানের সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ তাদের সুযোগ সৃষ্টি করে দেওয়া।
- রক্তদান প্রক্রিয়া সহজ ও দ্রুত করার জন্যে সদস্যদের একে অপরের মধ্যে সম্প্রীতি ও সদভাব গড়ে তোলা ও সদস্যদের মধ্যে ত্যাগের মনোভাব গড়ে তোলা।
- জ্ঞানের পরিধি বিস্তৃতির জন্য একটি পূর্ণাঙ্গ পাঠাগার প্রতিষ্ঠা করা।
- রক্তের গ্রুপ নির্ণয়, রক্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য একটি সংরক্ষণাগার প্রতিষ্ঠা করা।
- রক্ত পরিসঞ্চালন সম্পর্কিত একটি বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান ও গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা।
- স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কিত তথা স্বাস্থ্যসেবা, শিক্ষা, গবেষণামূলক প্রকল্প গ্রহণ করা।
- দুঃস্থদের সাহায্যার্থে একটি তহবিল গঠন করা।
- সামাজিক উন্নয়নে সহযোগিতা করা।



(নতুন অফিসের শুভ উদ্বোধন করেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিনিয়র এসিসটেন্ট সেক্রেটারী কাজী নুরুনাহার)

### কোন কোন ক্ষেত্রে রক্তের প্রয়োজন হয় ঃ

যে কোন দুর্ঘটনায় অত্যধিক রক্তক্ষরণ হলে, যেমন সড়ক দুর্ঘটনা, প্রসবোত্তর অতিরিক্ত রক্তক্ষরণ ইত্যাদি। বিভিন্ন রোগ, যেমন লিউকোমিয়া, ক্যান্সার, ডেঙ্গু, অতিরিক্ত রক্তশূন্যতা, বড় ধরনের অস্ত্রপ্রচার ইত্যাদি ক্ষেত্রে বিশেষভাবে রক্তের প্রয়োজন হয়। যা ছাড়া অনেক ক্ষেত্রে রোগীকে বাঁচানো অসম্ভব হয়ে পড়ে।

## রক্ত দানে যারা সক্ষম

যে কোন পূর্ণবয়স্ক মহিলা বা পুরুষ সুস্থ শরীরে ৩ থেকে ৪ মাস পরপর রক্ত দিতে পারে। রক্তদাতার বয়স ৫৫ বছরের নিচে ওজন ৪৫ কেজি'র বেশী হতে হবে। ব্লাডপ্রেসার ১০০/৬০ মি.মি. এর বেশী ২০০/১০০ মি.মি. এর নীচে হতে হবে। নাড়ীর গতি মিনিটে ৬০ এবং ১০০ এর মধ্যে হতে হবে। রক্তস্বল্পতা থাকবেনা। নিশ্চিতভাবে জেনে নিন যে, রক্ত দান করলে শরীরের কোন অসুবিধা হয় না বরং কোন কোন ক্ষেত্রে উপকারিই হয়। তবে মনে রাখতে হবে, কোন অবস্থাতেই সংক্রামক রোগীর (যেমন-সিফিলিস, ভাইরাল হেপাটাইটিস, যক্ষা, এইড্‌সসহ বিভিন্ন সংক্রামক রোগ) রক্ত অন্যের শরীরে দেয়া যাবে না। রক্ত গ্রহণ করার পূর্বে অবশ্যই দাতার রক্ত পরীক্ষা করে নিতে হবে তা যত নিকট আত্মীয়েরই হোক না কেন।



(সরকারি বাংলা কলেজে সি.এন.বি.আর.আর এর আয়োজিত বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচি)

### রক্তের গ্রুপ জানার প্রয়োজনীয়তা ও সতর্কতা:

রক্তের গ্রুপ জানা থাকলে পরিবার, আত্মীয়-স্বজন ও বন্ধুবান্ধবের সাথে রক্তের গ্রুপের মিল আছে কিনা তা পূর্ব থেকেই অবগত হওয়া যায়, যার ফলে আকস্মিক দুর্ঘটনা অথবা যে কোন ধরনের জরুরী পরিস্থিতিতে রক্তের প্রয়োজন মেটাতে সহজেই রক্তদাতার সহযোগিতা পাওয়া যায়। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো, যদি কোন মহিলা নেগেটিভ রক্তধারী এবং মহিলার স্বামী পজিটিভ রক্তধারী হয়, তবে অধিকাংশ ক্ষেত্রে সে মহিলার গর্ভপাত হয় বা মৃত সন্তান ভূমিষ্ঠ হয় অথবা সন্তান জন্মের পরপরই মারাত্মক জন্ডিসে আক্রান্ত হয়ে মৃত্যু পর্যন্ত হতে পারে। গর্ভধারণের আগে রক্তের গ্রুপ জানা থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়। তাই দম্পতিদের রক্তের গ্রুপ সম্বন্ধে অবগত হওয়া আবশ্যক।